



প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়

প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ ইকোটন গার্ডেন রোড, ইকোটন, ঢাকা-১০০০



“মুজিববর্ষের সেবা নিন
প্রবাসী কল্যাণ ব্যাংকের সহজ ঋণ”

আদায় ও আইন ডিপার্টমেন্ট

সার্কুলার নং-৫২/২০২২

তারিখঃ ১৭.১১.২০২২

বিষয়ঃ ঋণ পুনঃতফসিলিকরণ নীতিমালার সংশোধন প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে ১০.০৫.২০১৬ তারিখের জারিকৃত পরিপত্র নং-৩৬/২০১৬ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।


উক্ত সার্কুলারে বর্ণিত অনুচ্ছেদ ০৩(ক) এর নির্দেশনা অধিকতর স্পষ্টীকরণ এবং এর যথাযথ বাস্তবায়ন নিশ্চিতকরণের লক্ষ্যে ব্যাংকের পরিচালনা পর্ষদের গত ২৭.১০.২০২২ তারিখের ৯৪তম সভায় প্রবাসী কল্যাণ ব্যাংকের ঋণ পুনঃতফসিলিকরণ নীতিমালার ০৩(ক) অনুচ্ছেদ নিম্নবর্ণিতভাবে সংশোধনের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ


ক) অনুচ্ছেদ ০৩(ক) নিম্নরূপে প্রতিস্থাপিত হবেঃ

“সময়মত ঋণ পরিশোধ করতে না পারার বাস্তবভিত্তিক ও যুক্তিসংগত কারণ উল্লেখপূর্বক পুনঃতফসিল/ঋণ পরিশোধ করার মেয়াদ বর্ধিতকরণের জন্য ঋণ গ্রহীতাকে আবেদন করতে হবে। তবে ঋণ গ্রহীতার অবর্তমানে/অনুপস্থিতিতে ঋণ গ্রহীতার পরিবার (পিতা, মাতা, স্বামী, স্ত্রী, সন্তান) এর যে কোন একজন সদস্য এবং বিশেষ ক্ষেত্রে (ঋণ গ্রহীতা অবিবাহিত এবং ঋণ গ্রহীতার পরিবারের সদস্যগণ মৃত/অবর্তমান) জামিনদারগণের যে কোন একজন সদস্য ঋণ গ্রাহকের পক্ষে আবেদন করতে পারবেন।”

এতদ্ব্যতীত, ঋণ পুনঃতফসিলিকরণ নীতিমালার অন্যান্য নির্দেশনাসমূহ অপরিবর্তিত থাকবে।

২.০ ব্যাংকের পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে এ নির্দেশনা জারি করা হলো এবং নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।


(ইস্কান্দার পারভেজ)
উপমহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধান
17.11.2022


(মোঃ জাহাঙ্গীর হোসেন)
মহাব্যবস্থাপক



✓

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রদান করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অবগতির জন্য), প্রবাসী কল্যাণ ব্যাংক।
২. মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের একান্ত সচিব (মহাব্যবস্থাপক মহোদয়ের অবগতির জন্য), প্রবাসী কল্যাণ ব্যাংক।
৩. মহাব্যবস্থাপক (আইসিটি, আইটি ও পরিচালন) মহোদয়ের একান্ত সচিব (মহাব্যবস্থাপক মহোদয়ের অবগতির জন্য), প্রবাসী কল্যাণ ব্যাংক।
৪. সকল বিভাগীয় প্রধান, প্রবাসী কল্যাণ ব্যাংক।
৫. সকল অঞ্চল প্রধান, প্রবাসী কল্যাণ ব্যাংক।
৬. সকল সেল প্রধান, প্রবাসী কল্যাণ ব্যাংক।
৭. সকল শাখা ব্যবস্থাপক, প্রবাসী কল্যাণ ব্যাংক।
৮. আইটি বিভাগ, প্রধান কার্যালয়, প্রবাসী কল্যাণ ব্যাংক (ব্যাংকের ওয়েবসাইট-এ প্রকাশের জন্য)
৯. অফিস কপি।

✓